"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২৩- ৮৬৬ তারিখ- ২৮/০৮/২০২৩

## সভার নোটিশ

রংপুর সদর উপজেলা পরিষদের আগষ্ট/২৩ মাসের সভা আগামী ২৯/০৮/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৪। ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা।
০৫। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৬। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৭। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৮। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৯। বিবিধ।

২৮।০৮।২৩
(মোঃ নাইম হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০২৫৮৯৯৬২৩৫৫।

প্রাপক :.......................................................

.................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

০১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৬। নোটিশ বোর্ড.................................................... অফিস।
০৭। অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
০৮। অফিস কপি।

CamScanner

# আগষ্ট-২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

## রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ২৯/০৮/২০২৩খ্রিঃ। |
| সময় | : | বেলা : ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নাইম হাসান খান সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার, রংপুর সদর, রংপুর জানান যে, স্বাস্থ্য বিভাগের কর্মীদের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার প্রচারণা চালানো হচ্ছে। রংপুর সদর উপজেলা এবং সিটিকর্পোরেশনের মধ্যে বিগত দিনের ০৭টি ইউনিয়নের টিকাদান কার্যক্রমগুলো আমরা উপজেলা স্বাস্থ্য অফিস হতে পরিচালনা করে আসছিলাম বর্তমানে উক্ত ০৭টি ইউনিয়নের টিকাদান কার্যক্রমগুলো সিটিকর্পোরেশন অফিস হতে পরিচালনা হচ্ছে।<br>বর্তমানে করোনা ভ্যাকসিন প্রাপ্তিস্বাপেক্ষে প্রদান করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:**<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ্ব বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভাষা টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ইতিপূর্বে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলোতে ডেলিভারী বেড, লেবুলাইজার, অক্সিজেন সিলিন্ডার, হাইট-ওয়েট মেশিন, থার্মোমিটার, পিপিই, হ্যান্ড স্যানিটাইজার, ন্যাপকিনসহ, অক্সিজেন কনসেনট্রেটর, পেশেন্ট বেড, বাই-প্যাপ ফুল ফেইজ মাস্ক, ডিজিটাল পালস অক্সিমিটার মাস্কসহ চিকিৎসার জন্য বিভিন্ন জিনিস সরবরাহ করা হয়েছিল। উপরোক্ত | | বিস্তারিত আলোচনান্তে উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলোর মধ্যে কি ধরণের জিনিস প্রয়োজন আছে তা তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

*চলমান পাতা-২*

| | | | | |
|---|---|---|---|---|
| | জিনিসগুলো সরবরাহ করার জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে প্রতিটি উপ-স্বাস্থ্য কেন্দ্রের জন্য ০২টি করে ষ্টীট লাইট সরবরাহ করার জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, জনসাধারণের জন্য সেবা প্রদান করতে আরও কি ধরণের জিনিস উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলোতে প্রয়োজন আছে তার তালিকা প্রস্তুত করার জন্য মতামত ব্যক্ত করেন। | | | |
| ০৩ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরে জন্য নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br>চেয়ারম্যান, হরিদেবপুর ইউপি, সভায় বলেন যে, মমিনপুর ইউনিয়নের ০১টি সাব মার্সিবল পাম্পের কাজ অদ্যাবধি শেষ হয় নাই। কাজটি দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, বিগত দিনে রংপুর সদর উপজেলার নামে বরাদ্দকৃত সাবমার্সিবাল পাম্পগুলোর কাজ অদ্যাবধি পর্যন্ত শেষ হয় নাই এবং ইতিপূর্বে স্যালো টিউবওয়েলগুলোর গোড়া পাকা অদ্যাবধি পর্যন্ত শেষ হয় নাই। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গুরুত্বারোপ করেন। | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ:**<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | বিস্তারিত আলোচনান্তে গত অর্থ বছরে বরাদ্দকৃত নলকূপগুলোর কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, রংপুর সদর উপজেলার ছাগল ও ভেড়ার রোগ প্রতিরোধের জন্য ভ্যাকসিন প্রদান করা হবে। এ কাজে সকলের সহযোগিতা কামনা করেন। | | ছাগল ও ভেড়ার ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মৎস্য অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আজ থেকে জাতীয় মৎস্য সপ্তাহ শেষ। মৎস্য সপ্তাহ পালনে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, রবি মৌসুমে কর্মসূচী চলমান আছে। নিয়মিত সার মনিটরিং করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৭ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |
| ০৮ | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, রংপুর সদর উপজেলার চাল (সিদ্ধ)- ৬৭১৪.১৫৬ মেঃটন এবং গম- ৯৫৯.৯৮৪ মেঃটন মজুদ আছে।<br>তিনি আরো বলেন যে, বোরো সংগ্রহ চাল ও ধান লক্ষ্যমাত্রা ধান- ১২৯৩ এবং চাল- ৬৭৩৫.০৯০মেঃটন। অর্জিত পরিমাণ- ৫৭১৪.৪২০ মেঃটন চাল। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি খাত হতে রংপুর সদর উপজেলার জন্য ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে।<br>তিনি আরো বলেন যে, মেরামত করার জন্য ০৬টি রাস্তার নাম প্রেরণ করা হয়েছে তার মধ্যে ০২টি মেরামত আসছে। বর্ষার কারণে রাস্তা অনেকগুলো রাস্তা ভেঙ্গে গেছে। উক্ত ভাঙ্গা রাস্তাগুলো আরএমপি মহিলা দ্বারা মেরামত করা হচ্ছে।<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, ইউনিয়ন হতে আগত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ব্যক্তিগণ প্রায়ই সকলই নিজেই চলাফেরা করতে পারে না। তাদের প্রসাব পায়খানা করার জন্য নির্ধারিত কোন জায়গা না থাকায় অনেক সময় নানা রকম সমস্যার সম্মুখীন হতে হয়। রংপুর সদর উপজেলায় কোন গণসৌচাগার নাই। একটি আগত সাধারণ জনগণের সুবিধার্থে একটি গণসৌচাগার নির্মাণের জন্য সভায় অনুরোধ করেন।<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর উপজেলা সমাজসেবা অফিসারের মতামতের সাথে একইমত প্রকাশ করে বলেন যে, বিভিন্ন সময় জাতীয় অনেকগুলো প্রোগ্রাম করা হয়ে থাকে সে সময় আগত ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকবৃন্দের জন্য সৌচাগার না থাকায় নানামুখী সমস্যায় পড়তে হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, চন্দনপাট ইউনিয়নের শ্যামপুর বালিকা উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়গামী রাস্তা দুই পাশে পাকা শুধু মাত্র ০১কিঃ মিঃ রাস্তা পাকা হওয়ার বাকি আছে। উক্ত রাস্তাটি পাকা করার জন্য মতামত ব্যক্ত করেন। | ১) ২০২৩-২৪ অর্থ বছরে এডিপির বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রকল্প গ্রহণের জন্য প্রকল্পের তালিকা দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>০২) আবাসিক কোয়াটারের গেট সংস্কার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩) রংপুর সদর উপজেলা পরিষদের মধ্যে প্রাক্করণ প্রস্তুত করে গণসৌচাগার নির্মাণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>০৪) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সরকারী বাসভবন মেরামত ২,০০,০০০/- টাকা দ্বারা পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৪

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টারের গেটটি ভেঙ্গে যাওয়ায় তা সংস্কার করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর আরো বলেন যে, তার সরকারী বাসভবনটি বর্ষা মৌসুমে ছাদ দিয়ে পানি আসে এবং দরজা জানালাগুলো পুরাতন হওয়ায় তা পরিবর্তন করাও অতীব জরুরী হয়ে পড়েছে। সেই সাথে সরকারী বাসভবনটিতে আগত ব্যক্তিদের জন্য অপেক্ষমান কোন কক্ষ নেই। একটি অপেক্ষমান কক্ষ নির্মাণ করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, বৃহতম রংপুর সদর উপজেলা পরিষদের ১১টি ইউনিয়ন নিয়ে পরিচালিত হয়ে আসছিল। ২০১৪ সালে ০৭টি ইউনিয়ন রংপুর সিটিকর্পোরেশনের অন্তভূক্ত হয়। পরবর্তীতে গংগাচড়া উপজেলার ০১টি ইউনিয়ন এবং সদর উপজেলার ০৪টি ইউনিয়ন নিয়ে রংপুর সদর উপজেলা পুনঃগঠন হয়। রংপুর সদর উপজেলার আয়ের একমাত্র উৎস বড় বড় হাট-বাজারগুলো সিটি কর্পোরেশনের মধ্যে চলে যাওয়ায় আয়ের উৎস নাই বলেই চলে। ফলে বর্তমানে রংপুর সদর উপজেলার ০৫টি ইউনিয়নের মধ্যে অবস্থিত কোন ধরনের বড় হাট-বাজার না থাকায় আয়ের একমাত্র উৎস বন্ধ হয়ে যাওয়ার মত। তাই উপজেলা পরিষদের নিজস্ব জায়গা হাইওয়ে রোর্ড টু রংপুর সেনা নির্বাসগামী রোডের মধ্যে অবস্থিত রংপুর সদর উপজেলা পরিষদের নিজস্ব জায়গায় পরিষদের একটি ০৪তলা মার্কেট নির্মাণের প্রস্তাব করেন। এ জন্য বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা যায় মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ করার জন্য সকলের নিকট হতে প্রকল্পের চাহিদা প্রেরণ করার জন্য গুরুত্বারোপ করেন। | ০৫) উপজেলা পরিষদের নিজস্ব জায়গা হাইওয়ে রোর্ড টু রংপুর সেনা নির্বাসগামী রোডের মধ্যে অবস্থিত রংপুর সদর উপজেলা পরিষদের নিজস্ব জায়গায় ৪তলা মার্কেট নির্মাণের নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন এবং বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>০৬) উপজেলা পরিষদের নিজস্ব জায়গা হাইওয়ে রোর্ড টু রংপুর সেনা নির্বাসগামী রোডের মধ্যে অবস্থিত জায়গা উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর কর্তৃক জায়গা সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলণ প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, আগামী ৩১/০৮/২০২৩ খ্রিঃ সৃজনশীল মেধা অন্বেষণ/২৩ এবং জাতীয় শিক্ষা সপ্তাহ/২৩ এর পুরস্কার বিতরণ করা হবে।<br>তিনি আরো বলেন যে, ০৬ সেপ্টেম্বর/০২৩ হতে ১২ সেপ্টেম্বর/২৩ পর্যন্ত জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা চলবে। সকলের সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রংপুর সদর, রংপুর। |
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, অনলাইনের মাধ্যমে বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধী ভাতার জন্য আবেদন গ্রহণ করা হচ্ছে। এ বিষয় ব্যাপক প্রচার করার নিমিত্তে সভায় সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জ্ঞাপন করেন। | বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধী ভাতার জন্য আবেদন অনলাইনে গ্রহণের বিষয়টি ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/ ইউপি চেয়ারম্যানবৃন্দ, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, প্রবাস হতে ফেরত যুবদের আত্ম-কর্মসংস্থান করার জন্য তাদের ট্রেনিং প্রদান করে ঋণ প্রদান করা হবে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্ন স্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, রংপর সদর, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-০৬

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২২ | **উপজেলা পরিষদ সরকারী বাসভবন পরিত্যাক্ত ঘোষণা সম্পর্কে আলোচনা :**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত চেয়ারম্যান কোয়ার্টার, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো এবং যমুনা, তিস্তা ও ফুলেশ্বরী সরকারী বাসভবনগুলো বসবাসের অনুপযোগী হওয়ায় ভবনগুলো পরিত্যাক্ত ঘোষণা করার জন্য গত জুলাই/২৩ মাসের পরিষদ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে বিল্ডিংগুলো অপসারণ ভ্যালুয়েশন নির্ধারণ করা হয়। যথাক্রমে : চেয়ারম্যান কোয়ার্টার অপসারণ মূল্য-২,১৯,৩৫৩/-, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো অপসারণ মূল্য-২,২৭,৫৪১/-, আবাসিক ভবন ফুলেশ্বরী ভবন অপসারণ মূল্য-২,৭৭,০০৮/- যমুনা ভবন অপসারণ মূল্য- ৩,৯৭,৫২৩/- এবং তিস্তা ভবন অপসারণ মূল্য- ৩,৯৭,৫২৩/-টাকা প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ০১) সবিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান কোয়ার্টার, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো এবং যমুনা, তিস্তা ও ফুলেশ্বরী সরকারী বাসভবনগুলো অপসারণ মূল্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) জেলা কনডেমনেশন কমিটি বরাবরে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২৩ | **উপজেলা পরিষদ সরকারী অফিস (ইউটিডিসি পুরাতন বিল্ডিং ও পরিত্যাক্ত উপজেলা সমাজ সেবা অফিস এবং তার পার্শ্বে অবস্থিত পরিত্যাক্ত টিনসেড ঘর) সম্পর্কে আলোচনা :**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ইউটিডিসি পুরাতন বিল্ডিং ও পরিত্যাক্ত উপজেলা সমাজ সেবা অফিস এবং তার পার্শ্বে অবস্থিত পরিত্যাক্ত টিনসেড ঘর যা ১৯৭৪ সালে স্থাপিত হয়েছে। ইতিপূর্বে কয়েক বছর হতে প্রতিবার মেরামত করে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রায়ই সময় এ বিল্ডিং এর ছাদ হতে ছাদের বাকল খুলে পড়তেছে, ফলে যেকোন সময় বড় ধরণের দুর্ঘটনা সৃষ্টি হতে পারে। ভবনগুলো পরিত্যাক্ত ঘোষণা করা অতীব জরুরী। উক্ত ভবনগুলো ভেঙ্গে ফেলার জন্য মতামত ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপরোক্ত ভবন পরিত্যাক্ত ঘোষণা করার জন্য কার্যক্রম গ্রহণ করার মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, ইউটিডিসি পুরাতন ভবনটির ভ্যালুয়েশন প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য জেলা কনডেমনেশন কমিটি বরাবরে পত্র প্রেরণের গুরুত্বারোপ করেন। | ০১) সবিস্তারিত আলোচনান্তে ইউটিডিসি পুরাতন বিল্ডিং ও পরিত্যাক্ত উপজেলা সমাজ সেবা অফিস এবং তার পার্শ্বে অবস্থিত পরিত্যাক্ত টিনসেড ঘর পরিত্যাক্ত ঘোষণা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>০২) ইউটিডিসি পুরাতন বিল্ডিং ও পরিত্যাক্ত উপজেলা সমাজ সেবা অফিস এবং তার পার্শ্বে অবস্থিত পরিত্যাক্ত টিনসেড ঘর উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর হতে ভ্যালুয়েশন প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য জেলা কনডেমনেশন কমিটি বরাবরে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২৪ | **বিবিধ :**<br>১) উপজেলা পরিষদের কর্মকর্তাগণ বলেন যে, উপজেলা পরিষদের ভেতনে যত্রতত্র অটোরিকশা ও রিকশা রাখার কারণে যাতয়াত সমস্যা হয়। সেক্ষেত্রে উপজেলা পরিষদের মূল গেটে প্রবেশের পরে দুই পার্শ্বে "এখানে পার্কিং নিষেধ" সাইন বোর্ড স্থাপনের প্রস্তাব দেয়া হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মূল গেটে প্রবেশের পর দুই পার্শ্বে "পার্কিং নিষেধ" সাইন বোর্ড স্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-৭

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২) উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, সরকারী কাজের জন্য তার অফিস এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জন্য ০২টি ল্যাবটপ ক্রয় করার মতামত ব্যক্ত করেন। | ১) উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জন্য ২,০০,০০০/- টাকার মধ্যে ০২টি ল্যাবটপ সকল বিধি বিধান অনুসরণ পূর্বক ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| | ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা পরিষদ হলরুমের জন্য ইতিপূর্বে ব্যবহৃত আইপিএস নষ্ট হয়ে পড়ে আছে। ফলে বিভিন্ন সময় সরকারী প্রোগ্রামগুলো বাস্তবায়ন কালে বিদ্যুতের লোডসেডিং কারণে প্রোগ্রামগুলো পরিচালনা খুবেই কষ্টকর হয়ে পড়ে। সেই সাথে হলরুমের জন্য নিজস্ব কোন সাউন্ড সিস্টেম না থাকায় প্রায়ই সময় ভাড়া সাউন্ড সিস্টেম নিয়ে এসে অনুষ্ঠান করতে হয়। ফলে ব্যয় অনেক বেড়ে যায়। হলরুমের জন্য মানসম্মত একটি সাউন্ডসিস্টেম এবং উপজেলা পরিষদ হলরুমের জন্য আইপিএস ক্রয় করার নিমিত্তে গুরুত্বারোপ করেন। | ০২) রংপুর সদর উপজেলা পরিষদ হলরুমের জন্য ২,০০,০০০/- টাকার মধ্যে আইপিএস এবং সাউন্ডসিস্টেম সকল বিধি বিধান অনুসরণ পূর্বক ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| | **০৪) উপজেলা পরিষদ সিটিকর্পোরেশন হতে নিজস্ব জায়গায় স্থানান্তর করণ সম্পর্কে আলোচনা এবং বর্তমান পরিষদের জায়গায় পরিষদের জন্য আয় বৃদ্ধিকারক কার্যক্রমের উদ্যোগ গ্রহণ :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, বৃহতম রংপুর সদর উপজেলা পরিষদের ১১টি ইউনিয়ন নিয়ে পরিচালিত হয়ে আসছিল। ২০১৪ সালে ০৭টি ইউনিয়ন রংপুর সিটিকর্পোরেশনের অন্তভূক্ত হয়। পরবর্তীতে গংগাচড়া উপজেলার ০১টি ইউনিয়ন এবং সদর উপজেলার ০৪টি ইউনিয়ন নিয়ে রংপুর সদর উপজেলা পুনঃগঠন হয়। উপজেলার সাধারণ জনগণের নাগরিক সেবাগুলোর জন্য অনেক দুর হতে সিটিকর্পোরেশনের মধ্যে অবস্থিত রংপুর সদর উপজেলা পরিষদে আসতে হয়। এতে করে সাধারণ জনগণের সেবা পেতে অনেকটা দেরী এবং যাতায়াত ব্যয় বহুল হয়ে পড়ে। রংপুর সদর উপজেলার সকল ধরণের কার্যক্রম পরিচালনার জন্য রংপুর সদর উপজেলার ০৫টি ইউনিয়নের মধ্যস্থানে স্থানান্তর করার নিমিত্তে গুরুত্বারোপ করেন। একই সাথে উপজেলা পরিষদ রংপুর সদরের বর্তমান যে ১৩ একর জায়গা রয়েছে তা পরিষদের আয়বৃদ্ধিকারক কার্যক্রম (যেমনঃ সমন্বিত হিমাগার) স্থাপনের জন্য প্রস্তাব রাখেন। ইহা হতে প্রাপ্ত আয়ের পুরো অংশই পরিষদের আয় হিসেবে রাজস্ব তহবিলে জমা হবে। সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ একই মতামত ব্যক্ত করেন। | ১) বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলার সকল ধরণের কার্যক্রম পরিচালনার জন্য রংপুর সদর উপজেলার ০৫টি ইউনিয়নের মধ্যস্থানে স্থানান্তর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২) উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) একটি সমন্বিত হিমাগার তৈরির পূর্ণাঙ্গ প্রস্তাব জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর মহোদয়কে অনুরোধ করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১/২৫

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২৩- ৮৮১ তারিখ- ২৯/০৮/২৩

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর ।

৯। উপজেলা......................................... অফিসার, রংপুর সদর, রংপুর ।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব .............................................................

১২। অফিস কপি।

২৯/০৮/২৩

(মোঃ নাইম হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর- ০২৫৮৯৯-৬২৩৫৫।

CamScanner